



## রিটার্ন ফরম পরণের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী

### নির্দেশাবলীঃ

- (১) এ আয়কর রিটার্ন ব্যক্তি করদাতা অথবা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭৫ ধারার অধীন নির্ধারিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিপাদিত হতে হবে।
- (২) প্রযোজ্য ক্ষেত্রে সংযুক্ত করণঃ
  - (ক) আয়-ব্যয়ের হিসাব বিবরণী, উৎপাদনের হিসাব, বাণিজ্যিক হিসাব, লাভ ও ক্ষতি হিসাব এবং স্থিতিপত্র;
  - (খ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর তৃতীয় তফশীল অনুযায়ী অবচয় দাবী সম্বলিত অবচয় বিবরণী;
  - (গ) আয়কর আইন অনুযায়ী আয় পরিগণনা।
- (৩) পৃথক বিবরণী সংযুক্ত করণঃ
  - (ক) করদাতার স্ত্রী বা স্বামী (করদাতা না হলে); নাবালক সন্তান ও নির্ভরশীলের নামে কোন আয় থাকলে;
  - (খ) অন্যান্য উৎস খাতে যেমন, ব্যাংক সুদ, ডিভিডেন্ড ইত্যাদি আয় থাকলে;
  - (গ) করমুক্ত আয় থাকলে।
- (৪) স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিলের ক্ষেত্রে আয়কর বিধি-৩৮ এর শর্তাবলী পরিপালন করতে হবে।
- (৫) প্রদর্শিত আয়ের সমর্থনে উপযুক্ত ও প্রয়োজনীয় প্রমানাদি দাখিল করতে হবে।
- (৬) দাখিলকৃত দলিলপত্রাদি করদাতা অথবা করদাতার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।
- (৭) প্রতি ৫ বৎসর অঙ্গর করদাতার ছবি রিটার্নের সাথে দাখিল করতে হবে।
- (৮) নিম্নোক্ত তথ্য প্রদান করণঃ
  - (ক) করদাতা ফার্ম হলে অংশীদারগণের টি,আই,এন সহ নাম ও ঠিকানা;
  - (খ) করদাতা অংশীদার হলে টি,আই,এন সহ ফার্মের নাম ও ঠিকানা;
  - (গ) করদাতা পরিচালক হলে কোম্পানী/কোম্পানীসমূহের টি,আই,এন সহ নাম ও ঠিকানা।
- (৯) করদাতার নিজের, স্বামী/স্ত্রী (যদি তিনি করদাতা না হন), নাবালক সন্তান এবং নির্ভরশীলদের সম্পদ ও দায় বিবরণী আইটি-১০বি অনুসারে প্রদর্শন করতে হবে।
- (১০) করদাতা বা তাঁর আইনানুগ প্রতিনিধির স্বাক্ষর বাধ্যতামূলক। ব্যক্তি করদাতাদের ক্ষেত্রে আইটি-১০বি ও আইটি-১০বিবি -তে স্বাক্ষর প্রদানও বাধ্যতামূলক।
- (১১) স্থান সংকুলান না হলে প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করা যাবে।